39376 - যে কাগজগুলোর মধ্যে আল্লাহ্‌র কোন নাম রয়েছে সেগুলো ফেলে দেয়া

প্রশ্ন

আমার নাম 'আব্দুল কাদের'। উদাহরণস্বরূপ অনেক সরকারী অফিসের সাথে ডিল করার সময় কোন আবেদন পেশ করতে গিয়ে আমার নাম লেখার প্রয়োজন হয়। পরবর্তীতে তারা এই আবেদনটি ওয়েস্টবিনে ফেলে দেয়। এক্ষেত্রে আমার ওপর কি কোন দায় আসবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

বিভিন্ন কাগজপত্র ও নথি যেগুলো আপনি অন্য কারো কাছে পেশ করা প্রয়োজন হয় সেগুলোতে আপনার নাম লিখতে কোন আপত্তি নেই ও গুনাহ নেই। বরঞ্চ গুনাহ হবে ঐ ব্যক্তির যিনি এই কাগজগুলো ওয়েস্টবিনে নিক্ষেপ করেন। কেননা এর মধ্যে আল্লাহ্‌র নামকে অপমান করা রয়েছে।

শাইখ আব্দুল আযিয বিন বায (রহঃ) কে জিজ্ঞেস করা হয়েছিল:

বিরের কার্ডে বিসমিল্লাহ্ লেখা কি জায়েয? যেহেতু পরবর্তীতে এই কার্ডগুলো রাস্তাঘাটে কিংবা ময়লার ঝুড়িতে নিক্ষেপ করা হয়?

তিনি জবাবে বলেন:

কার্ড ও অন্যান্য চিঠিপত্রে বিসমিল্লাহ্ লেখা শরিয়তে অনুমোদিত। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন: "প্রত্যেক গুরুত্বপূর্ণ বিষয় বিসমিল্লাহ্ দিয়ে শুরু করা না হলে সেটি কর্তিত"। এবং যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উনার চিঠিগুলো বিসমিল্লাহ্ দিয়ে শুরু করতেন। তবে যে ব্যক্তি এমন কোন কার্ড গ্রহণ করছে যেটেতে আল্লাহ্‌র যিকির রয়েছে কিংবা কুরআনের আয়াত রয়েছে সেগুলোকে ডাস্টবিনে, ময়লার স্তুপে কিংবা অপছন্দনীয় স্থানে নিক্ষেপ করা নাজায়েয। অনুরূপভাবে পত্রপত্রিকা ও অনুরূপ জিনিসের ক্ষেত্রেও সম বিধান প্রযোজ্য। সেগুলোকে অপমান করা ও ময়লাতে নিক্ষেপ করা জায়েয নয় এবং সেগুলোকে খাবারের দস্তরখান বানানো কিংবা নানা প্রয়োজনে সেগুলোকে ফাইল বানানো জায়েয নয়; সেগুলোতে আল্লাহ্‌র যিকির থাকার কারণে। যে ব্যক্তি এমন কিছু করবে তার গুনাহ হবে। তবে লেখকের গুনাহ হবে না।[সমাপ্ত]

[মাজমু ফাতাওয়াস শাইখ আব্দুল আযযি বনি বায (৫/৪২৭), দ্বতীয় সংস্করণ]

আল্লাহ্ তাআলাই সর্বজ্ঞ।